

ভর্তি

বেসরকারি মেডিকেল ভর্তি: প্রাথমিক নির্বাচিতদের তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৮ মার্চ ২০২৫, ১১: ১৪



মেডিকেল ফাইল ছবি

বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হয়েছে। নির্বাচিত ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের নিশ্চায়ন ১৯ মার্চের মধ্যে করতে হবে।

গতকাল সোমবার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বেসরকারি মেডিকেল কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে আবেদন দাখিলের পরিপ্রেক্ষিতে মেধা ও পছন্দের ভিত্তিতে কলেজভিত্তিক প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিশ্চায়ন শেষ হবে ১৯ মার্চে। কোনো শিক্ষার্থী নির্ধারিত সময়ে যদি নিশ্চায়ন না

করেন, অর্থাৎ তাঁর বরাদ্দ আসনটি নিশ্চিত না করেন, তাহলে আসনটি শূন্য বলে ধরে নেওয়া হবে এবং ভর্তি নিশ্চায়ন না করায় তাঁকে পরবর্তী সময়ে বেসরকারি অন্য কোনো মেডিকেল কলেজে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

নিশ্চায়নের পদ্ধতি

টেলিটকের প্রিপেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণ

MBBSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS-এ একটি PIN, প্রার্থীর নাম এবং নিশ্চায়ন ফি হিসেবে ১০০ টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেওয়ার জন্য নির্দেশনা অনুযায়ী 16222 নম্বরে SMS পাঠাতে হবে, Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণ: MBBSNG <Space>YES<Space> 456789 টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে 456789 হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বর। PIN নম্বরটি সঠিকভাবে লেখা হলে টেলিটকের প্রিপেইড মোবাইল থেকে নিশ্চায়ন ফি বাবদ ১০০ টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS এ আবেদন নিশ্চিত করা হবে।

- বেসরকারি মেডিকলে ভর্তির তালিকা [দেখুন এখানে](#)।

